

অভিবাসীদের: আবাসনের ক্ষেত্রে আপনার অধিকার

নিউ ইয়র্ক সিটিতে আপনার অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা,
বা আপনার জাতিগত উৎস যেটাই হোক না কেন, এসব কারণে
আপনার আবাসনের ক্ষেত্রে কারো বৈষম্য করার অধিকার নেই।
আপনার অভিবাসন বা নাগরিকত্বের অবস্থার নির্বিশেষে আপনার
কিছু অধিকার আছে।



এটা বেআইনি...



...কারো অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা অথবা জাতিগত উৎসের কারণে বাসা বিক্রি,
ভাড়া বা লিজ না দেওয়া, অথবা আলাদা শর্ত, নিয়ম বা সুবিধা প্রয়োগ করা বেআইনি।



...ভাড়াটিয়ার অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা অথবা জাতিগত উৎসের কারণে বাসার
মেরামত না করা বা নিম্নমানের আবাসন পরিস্থিতি তৈরি করা বেআইনি।



...ভাড়াটিয়ার অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা অথবা জাতিগত উৎসের কারণে মালিকের
হয়রানি বা ভয় দেখানো বেআইনি—যেমন ICE-এ (Immigration and Customs
Enforcement) ফোন করার হুমকি দেওয়া বা “illegal alien” শব্দ ব্যবহার করা।



...কেউ বৈষম্যের বিরুদ্ধে পদক্ষেপ নিলে, যেমন NYC সিটি
মানবাধিকার কমিশন বা অন্য কোনো সংস্থায় অভিযোগ দায়ের
করলে, তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া বা প্রতিশোধ
নেওয়া বেআইনি।

আপনার যদি মনে হয় যে আপনার অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা, জাতিগত
উৎস অথবা অন্য কোনো সুরক্ষিত পরিচয়ের কারণে আপনার সঙ্গে বৈষম্য করা
হয়েছে, তাহলে অনুগ্রহ করে (212) 416-0127 নম্বরে কমিশনের সঙ্গে যোগাযোগ
করুন এবং অভিযোগ জানান।



on.nyc.gov/
reportdiscrimination